# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | বাংলাদেশ | 14 May, 2025

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, "দেশের অর্থনীতির হৃৎপিণ্ড হলো চট্টগ্রাম বন্দর। এখান থেকেই বিশ্বব্যাপী ছড়িয়ে যাবে বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি।"

বুধবার (১৪ মে) সকালে বন্দরে বক্তব্য প্রদানকালে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, "চট্টগ্রাম বন্দর বাংলাদেশের অর্থনীতির হৃৎপিণ্ড।এই হৃৎপিণ্ড বিশ্ব সাইজের করতে হবে।বাংলাদেশের অর্থনীতি পাল্টাতে চাইলে চট্টগ্রাম বন্দরই হলো মূল ভরসা।তাই পৃথিবীর সেরা বন্দর ব্যবস্থাপক যারা আছে, তাদের আমি ডাকতে বলেছি।"

তিনি আরও বলেন, "বন্দরের হৃৎপিণ্ডের সাইজ পরিবর্তন না করে বাংলাদেশের অর্থনীতি বড় করা যাবে না।নেপাল যদি সংযুক্ত হয়, ভূটান যদি সংযুক্ত হয়, সেভেন সিস্টার্স যদি সংযুক্ত হয় তারাও লাভবান হবে আমরাও লাভবান হব।"

ড. ইউনূস বলেন, "বন্দরের চিকিৎসা দরকার।এর জন্য বিদেশিদের আনতে হবে।চিকিৎসা পেলেই এই হৃৎপিণ্ড শক্তিশালী হবে।"

এর আগে সকাল সাড়ে ৯টার দিকে তিনি চট্টগ্রাম পৌঁছান। প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণের পর নিজ জন্মস্থান চট্টগ্রামে এটাই তাঁর প্রথম সফর।

চট্টগ্রামে পৌঁছেই তিনি চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল-৫ পরিদর্শন ও মত বিনিময় সভায় অংশ নেন। সেখান থেকে তিনি চট্টগ্রাম সার্কিট হাউসে যাবেন।সেখান থেকে চট্টগ্রামের কালুরঘাট রেল কাম সড়ক সেতুর ভিত্তি প্রস্তর উন্মোচন করবেন।দুপুর দুইটায় তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তনে সমাবর্তন বক্তা হিসেবে অংশ নেবেন।

সমাবর্তন শেষে বিকেলে জোবরা গ্রামে গ্রামীন ব্যাংক পরিদর্শন এবং হাটহাজারীর বাথুয়া গ্রামে নিজ পৈত্রিক নিবাসে যাবেন। সন্ধ্যায় তিনি বিমানযোগে ঢাকায় ফিরবেন।

ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তীকালীন সরকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:38

URL: https://timestodaybd.com/bangladesh/2922942453